
# NYC CARE-এর মাধ্যমে আপনার কর্মীদের স্বাস্থ্যসেবা পেতে সাহায্য করুন



NYC -তে, আমরা বিশ্বাস করি যে প্রত্যেক নিউ ইয়র্কবাসীর **অভিবাসনগত অবস্থা এবং অর্থ প্রদানের সক্ষমতা নির্বিশেষে** প্রাথমিক, প্রতিরোধমূলক এবং বিশেষজ্ঞ স্বাস্থ্য সেবা পাওয়ার অধিকার রয়েছে। একজন নিয়োগকর্তা হিসেবে, আপনি আপনার কর্মীদের সুস্থ এবং নিরাপদ থাকতে সাহায্য করার ক্ষেত্রে একজন গুরুত্বপূর্ণ সহযোগী।

সমন্বিত, গুণগত মানের যত্ন প্রদান করাটা সবসময় শহরের জনস্বাস্থ্য ব্যবস্থা NYC Health + Hospitals -এর মূল লক্ষ্য। যদিও COVID-19 সকল নিউ ইয়র্কবাসীকে প্রভাবিত করেছে, তবে তাদের উপর এর প্রভাব বেশি পড়েছে যাদের সমন্বিত স্বাস্থ্য সেবায় অ্যাক্সেস নেই। আমরা এই মহামারীর মোকাবেলা করা এবং চ্যালেঞ্জগুলোর মধ্য দিয়ে এগিয়ে যাওয়ার সময় NYC Health + Hospitals দ্বারা পরিচালিত স্বাস্থ্য সেবা অ্যাক্সেস প্রোগ্রাম NYC Care, NYC–এর সব কমিউনিটিকে আরো সুস্থ–সবল করে তোলার লক্ষ্যে এই ফাঁকগুলোর সেতুবন্ধন করা অব্যাহত রাখবে। **আপনার যেসব কর্মচারীর বিমা নেই তাদেরকে সাশ্রয়ী মূল্যে স্বাস্থ্য সেবা পেতে সাহায্য করার জন্য, দয়া করে তাদেরকে আজই NYC Care -এর সদস্য হওয়ার কথা বলুন।**

যেসব নিউ ইয়র্কবাসী স্বাস্থ্য বিমা পাওয়ার যোগ্য নয় বা যারা স্বাস্থ্য বিমার খরচ বহন করতে সক্ষম নয় তাদেরকে **NYC Care** কম খরচে বা বিনামূল্যে স্বাস্থ্যসেবার নিশ্চয়তা প্রদান করে।

## কেন আপনার NYC CARE-কে গুরুত্ব দেয়া উচিৎ?

**C** আপনি আপনার কর্মচারীদের স্বাস্থ্যের প্রতি **যত্নবান (care)।** তারা আপনার ব্যবসা চলমান রাখে, তারা আপনার সাফল্যের অংশীদার এবং আপনি চান যে তারা ভাল থাকুক।

**A** নিয়মিত, প্রতিরোধমূলক যত্ন, যেমন স্বাস্থ্য পরীক্ষা এবং টীকায় অ্যাক্সেস থাকার ফলে আপনার কর্মীদের কাজে **অনুপস্থিতি (absences)** *আরও* কম থাকবে।

**R** আপনি আপনার কর্মীদের আরও বেশি সময় **ধরে রাখতে (retain)** পারবেন যদি তারা জানে যে আপনি তাদের স্বাস্থ্য এবং তাদের প্রিয়জনদের স্বাস্থ্যের প্রতি যত্নবান।

**E** আপনি আপনার কর্মীদের স্বাস্থ্যকর জীবন যাপন করতে সাহায্য করার মাধ্যমে **দক্ষতা (efficiency)** এবং উৎপাদনশীলতা বৃদ্ধি করবেন।

NYC HEALTH+ HOSPITALS

NYC CARE Your Key to the City's Health Care

## আপনার কর্মচারীদের সাথে NYC Care সম্পর্কে কথোপকথন শুরু করা

প্রোগ্রাম সম্পর্কে সাধারণ প্রশ্নসহ আপনাকে সাহায্য করার জন্য এখানে একটি সংক্ষিপ্ত স্ক্রিপ্ট দেয়া হলো।

+ আপনাদের স্বাস্থ্য আমাদের কাছে গুরুত্বপূর্ণ।
+ আপনারা যদি অসুস্থ হন, দয়া করে বাড়িতে থাকুন এবং নিজের যত্ন নিন।
+ এছাড়াও আমি **NYC Care** সম্পর্কে আপনাদের সাথে তথ্য শেয়ার করতে চাই, **এটি** একটি প্রোগ্রাম যা যেসব নিউ ইয়র্কবাসী স্বাস্থ্য বিমার যোগ্য নয় বা যারা স্বাস্থ্য বিমার খরচ বহন করতে সক্ষম নয় তাদেরকে কম খরচে বা বিনামূল্যে স্বাস্থ্য সেবায় অ্যাক্সেস প্রদান করে।
+ এই কর্মসূচির সদস্য হওয়ার মাধ্যমে, আপনি:
    - দুই সপ্তাহ বা তারও কম সময়ের মধ্যে প্রাইমারি কেয়ার প্রোভাইডারের সাথে আপনার প্রথম অ্যাপয়েন্টমেন্ট নিতে পারবেন।
    - প্রাইমারি কেয়ার টিমের কাছ থেকে সহায়তা পাবেন যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে নার্স, মানসিক স্বাস্থ্য সম্পর্কিত পেশাজীবী, মেডিকেল অ্যাসিস্টেন্ট, সোশ্যাল ওয়ার্কার, ফার্মাসিস্ট এবং পুষ্টিবিদ।
    - আপনার সাহায্যের প্রয়োজন হলে NYC Care-এর কল সেন্টারে ফোন করতে পারবেন, যা 24/7 খোলা থাকে।
    - কম খরচে 24/7 প্রেসক্রিপশনের ওষুধ এবং প্রয়োজন হলে রাতের বেলাতেও ওষুধ রিফিল করার সুবিধা পাবেন।

### প্র: আমি কোথায় NYC CARE ব্যবহার করতে পারবো?

**উ:** NYC Care বর্তমানে সদস্যদের NYC Health + Hospitals-এর ফ্যাসিলিটিসমূহে প্রোভাইডারদের একটি নেটওয়ার্ক ও পরিষেবা প্রদান করছে। NYC Health + Hospitals -এর অবস্থানসমূহের একটি তালিকার জন্য, NYC Care যোগাযোগ কেন্দ্রে **1-646-NYC-CARE (1-646-692-2273)** নাম্বারে ফোন করুন বা **nyccare.nyc** ওয়েবসাইট দেখুন।

### প্র: আমি কি NYC Care পাওয়ার যোগ্য?

**উ:** আপনি যোগ্য কিনা তা জানতে, আজই **1-646-NYC-CARE** (**1-646-692-2273**) নম্বরে ফোন করুন।

### প্র: এই পরিষেবার জন্য আমাকে কী পরিমাণ অর্থ দিতে হবে?

**উ:** যোগ দেয়ার জন্য কোনও ফি নেই, কোনও প্রিমিয়াম নেই এবং কোনও মাসিক ফি নেই, আপনার পরিবারের সদস্য সংখ্যা এবং আয়ের ওপর ভিত্তি করে আপনার স্বাস্থ্যসেবা পাওয়ার খরচের হিসাব করা হবে, যা $0 থেকে শুরু হয়। আরও তথ্য জানতে, আমাদের ফি স্কেলের তালিকা দেখতে অনুগ্রহ করে **nyccare.nyc** ওয়েবসাইট দেখুন।

### প্র: NYC Care কী একটি স্বাস্থ্য বিমা?

**উ:** NYC Care একটি স্বাস্থ্যসেবা অ্যাক্সেস প্রোগ্রাম যা শহরব্যাপী NYC Health + Hospitals-এর ফ্যাসিলিটিসমূহে প্রোভাইডারদের একটি নেটওয়ার্ক ও পরিষেবা প্রদান করে। স্বাস্থ্য বিমার বিপরীতে, এখানে যোগদানের জন্য কোনও খরচ নেই, কোনও প্রিমিয়াম নেই এবং কোনও মাসিক ফি নেই।

### প্র: আমার ইতিমধ্যে স্বাস্থ্য বিমা রয়েছে। আমার কি এটি ছেড়ে দিয়ে NYC Care-এ তালিকাভুক্ত হওয়া উচিত?

**উ:** আপনার যদি এখন স্বাস্থ্য বিমা থাকে, তাহলে সেটি বন্ধ করবেন না। যেসব ব্যক্তিরা তাদের নিয়োগকর্তার মাধ্যমে, Marketplace এর মাধ্যমে বা Medicaid এর মাধ্যমে বিমা পাওয়ার যোগ্য, তাদের যোগ্যতা অনুযায়ী নির্দিষ্ট প্রোগ্রামের জন্য তালিকাভুক্ত হওয়া উচিত।

### প্র: কিভাবে আরও তথ্য পাবো বা NYC Care-এ তালিকাভুক্ত হবো?

**উ:** **1-646-NYC-CARE** (**1-646-692-2273**) নম্বরে ফোন করুন। তারা আপনার ভাষায় কথা বলে! এছাড়াও প্রচার ও তালিকাভুক্তিতে সহযোগিতা করার জন্য NYC Care কমিউনিটি সংগঠনসমূহের সাথে অংশীদারিত্ব গড়ে তুলেছে। আরও জানতে এবং বর্তমান কমিউনিটি পার্টনারদের তালিকা দেখতে আপনি **nyccare.nyc** ওয়েবসাইট দেখতে পারেন।

### প্র: আমি কিভাবে প্রচারপত্র পেতে পারি?

**উ:** 14টি ভাষায় বিস্তারিত তথ্য ডাউনলোড করতে অনুগ্রহ করে **nyccare.nyc/resources** ওয়েবসাইটে যান।

**সাথে থাকুন। আমাদেরকে অনুসরণ করুন।**

NYC HEALTH+ HOSPITALS

NYC CARE Your Key to the City's Health Care